

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১০৭১

২৭/ কসম (الْأَيْمَان)

পরিচ্ছেদঃ ২৭/৩. এটা (বৈধ) যে কেউ কোন কিছু করার কসম খেলো এবং পরেও অন্যটা করা ভাল দেখল তাহলে সে ভালটা করবে এবং তার কসমের কাফফা দিবে।

نَدَبٌ مِّنْ حَلْفٍ يَمِينًا فَرَأَى غَيْرَهَا خَيْرًا مِّنْهَا أَنْ يَأْتِي الَّذِي هُوَ خَيْرٌ وَيَكْفُرُ عَنْ يَمِينِهِ

আরবী

حَدِيثُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ سَمْرَةَ، قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَا عَبْدَ الرَّحْمَنِ
بْنَ سَمْرَةَ لَا تَسْأَلِ الإِمَارَةَ، فَإِنَّكَ إِنْ أُوتِيْتَهَا عَنْ مَسْئَلَةٍ وَكِلْتَ إِلَيْهَا، وَإِنْ أُوتِيْتَهَا مِنْ
غَيْرِ مَسْئَلَةٍ أُعْنِتَ عَلَيْهَا، وَإِذَا حَلَفْتَ عَلَى يَمِينٍ فَرَأَيْتَ غَيْرَهَا خَيْرًا مِنْهَا فَكَفَرْتَ عَنْ
يَمِينِكَ وَأَتَ الَّذِي هُوَ خَيْرٌ

বাংলা

১০৭১. আবদুর রহমান ইবনু সামুরাহ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসল্লাম বললেনঃ হে 'আবদুর রহমান ইবনু সামুরাহ! তুমি নেতৃত্ব চেয়ো না। কেননা, চাওয়ার পর যদি নেতৃত্ব পাও তবে এর দিকে তোমাকে সোপর্দ করে দেয়া হবে। আর যদি না চেয়ে তা পাও তবে তোমাকে এর জন্য সাহায্য করা হবে। কোন কিছুর ব্যাপারে যদি কসম কর আর তা ব্যতীত অন্য কিছুর মাঝে কল্যাণ দেখতে পাও; তবে কসমের কাফারা আদায় করে তার চেয়ে উত্তমতি অবলম্বন কর।

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ৮৩: অঙ্গীকার ও নয়র, অধ্যায় ১, হাঃ ৬৬২২; মুসলিম, পর্ব ২৭ : কসম, অধ্যায় ৩, হাঃ ১৬৫২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আব্দুর রহমান ইবন সামুরা (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=84299>

ই হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন